

সদালাপ,ভিন্নমত দুটি কথা

মোঃ ফজলে আলম (বাবু)

প্রথমেই বলে নেয়া ভাল আমি একজন অতি অল্প শিক্ষিত সাধারণ মানুষ।এ ধরনের ফোরামে লিখার মত যোগ্যতা বা সাহস কোনটাই আমার নেই।অবসর কাটানোর জন্য কাজের শেষে সদালাপ,ভিন্নমত,মুক্তমনা,বাংলা আমার ইত্যাদি ফোরাম গুলোতে দু মারি।যতদূর বুঝতে পারছি এখানে যারাই লিখছেন তাদের অধিকাংশই স্ব স্ব ক্ষেত্রে এক একজন দিকপাল এবং মনে হয় সকলেই বাংলাদেশ নামক ভূখন্ডটাকে ভালবাসেন ,এর উন্নতির জন্য চিন্তা করেন।

কিন্তু একটা জিনিষ আমার এ স্বল্পবুদ্ধিতে খেয়াল করছি যে তারা সকলেই ইসলাম - ইসলাম বিরোধিতা এ একটি বিষয়েই ঘুরপাক খাচ্ছেন।আমার মনে হয় এটি এমন এক বিতর্ক যার পরিসমাপ্তি একমাত্র মহাপ্রলয়ের সাথেই সম্ভব এবং এর সাথে বাংলাদেশের উন্নতির সনপর্ক ও অতি ক্ষীণ।আপনাদের মত বিদ্বান ব্যক্তির যদি শুধুমাত্র এ একটি বিষয়েই সীমাবদ্ধ না থেকে সাম্প্রতিক বিষয় গুলো নিয়ে একটু লিখালিখি এবং চেষ্টা তদ্বীর করেন,তবে মনে হয় আমাদের এ অভাগা দেশটার অনেক বেশী উপকার হবে।

৫৪ টি নদী নিয়ে ইন্ডিয়া সর্বনাশা মহাপরিকল্পনার যে ভীতিপ্রদ খবর টি যায়যায়দিন সহ অন্য দু একটি পত্রিকায় দেখলাম তাতে আমাদের মত অতি সাধারণ মানুষেরা ও বাংলাদেশের ভবিষ্যতের কথা চিন্তা করে শিউরে না উঠে পারিনা,আপনাদের মত বিজ্ঞজনের এ ব্যাপারে নীরবতা একেবারেই বেমানান।একমাত্র মুক্তমনার অভিজিৎ রায় সাহেবকে দেখলাম একটি দরখাস্ত করেছেন,নিঃসন্দেহে ভাল উদ্যোগ -তবে আমার মনে হয় যেহেতু ইন্ডিয়া এ সর্বনাশা প্রকল্পের উদ্যোক্তা তাই তাদের অরন্যে রোদন না করে এ ব্যাপারে যথাযথ কতৃপক্ষ (বিশ্বব্যাংক,ইউনেস্কো,ইউনেপ,বিভিন্ন আন্তর্জাতিক মানবতাবাদী সংগঠন) এর কাছে ধর্না দেয়াই শ্রেয়।

আশা করি বিশ্বের বিভিন্ন দেশে বসবাসরত উচ্চশিক্ষিত প্রতিষ্ঠিত ব্যক্তিবর্গের পাশাপাশি আমাদের মত সাধারণ প্রবাসী সহ সকলধরনের দেশপ্রেমিক ভাই/বোনেরা এ ব্যাপারে সচেতন হবেন এবং স্ব স্ব অবস্থানকারী দেশ সমূহের সাধারণ জনগণের (নির্দেনপক্ষে স্থায় কর্মস্থলের সহকর্মী,পরিচিত বন্ধু বান্ধব) কাছে ইন্ডিয়া এ অনৈতিক ও বিধ্বংসী পরিকল্পনার কথা তুলে ধরে বাংলাদেশের পক্ষে বিশ্ব জনমত গড়ে তুলতে সাহায্য করবেন।

বিশেষ করে সদালাপ,ভিন্নমত,মুক্তমনা,বাংলা আমারসহ বিভিন্ন ই ফোরামের সম্পাদক ও বিজ্ঞ লেখক গনের প্রতি এ ব্যাপারে বিস্তারিত লেখালেখি করে একটি গঠনমূলক কর্মসূচী গড়ে তোলার আহ্বান রইল

ইয়ামানাশি,জাপান

বিঃ দ্রঃ বর্গসফট বাংলা ২০০০ সফটওয়্যার টি বিনামূল্যে ব্যবহারের সুযোগ দেয়ার জন্য সংশ্লিষ্ট সবাই কে আন্তরিক ধন্যবাদ